দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 27 JUN 2010
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ২

# বুয়েটের ৭৬ কোটি ৮০ লাখ টাকার বাজেট অনুমোদন

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ২০১০-২০১১ অর্থবছরের জন্য ৭৬ কোটি ৮০ লাখ টাকার বাজেট অনুমোদন করা হয়েছে। গত বুধবার বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. এএমএম শফিউল্লাহের সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় এ বাজেট অনুমোদন করা হয়। এছাড়াও সভায় ২০০৯-২০১০ অর্থবছরের জন্য ৬৩ কোটি ৩৭ লাখ টাকার সংশোধিত বাজেটও অনুমোদন করা হয়।

মোট বাজেটের ৭৬ কোটি ৮০ লাখ টাকার মধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন থেকে সরকারী অনুদানের সম্ভাব্য পরিমাণ ৭১ কোটি ৩৫ লাখ টাকা। এবারের বাজেটে শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীদের বেতন-ভাতাদি খাতে রাখা হয়েছে ৪৪ কোটি ৯৫ লাখ টাকা, পেনশন খাতে ১২ কোটি টাকা, সাধারণ আনুষাঙ্গিক খাতে ৯ কোটি ১৫ লাখ টাকা, শিক্ষা আনুষাঙ্গিক খাতে ৭ কোটি টাকা, মেরামত খাতে ২ কোটি ৩০ লাখ টাকা এবং সম্পদ সংরক্ষণ খাতে ১ কোটি ৪০ লাখ টাকা বরাদ্দ রাখা হয়েছে।

২০১০-২০১১ অর্থবছরের মূল বাজেটে ও ২০০৯-২০১০ অর্থবছরের সংশোধিত বাজেটে কোন প্রকার ঘাটতি ছাড়াই নিজস্ব আয় ও ইউজিসির অনুদানের মধ্যে সীমিত রাখা হয়েছে। এছাড়াও ২০১০-২০১১ অর্থবছরের বাজেটে ছাত্রদের কোন ফি বৃদ্ধি করা হয়নি।